



ধীরে ধীরে সুস্থ হচ্ছেন মির্জা আব্বাস, দোয়া চাইল পরিবার



মালয়েশিয়ার প্রিন্সকোর্ট মেডিকেল পরিবারের সদস্যদের সঙ্গে মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

মালয়েশিয়ায় চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসের শারীরিক অবস্থার উন্নতি হচ্ছে বলে জানিয়েছে তার পরিবার। ধীরে ধীরে সুস্থতার পথে আছেন তিনি, এজন্য দেশবাসীর কাছে দোয়া চাওয়া হয়েছে।

বুধবার (৬ মে) পারিবারিক সূত্রে জানা যায়, সিঙ্গাপুরে সফল অস্ত্রোপচারের পর বর্তমানে মালয়েশিয়ার একটি হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন তিনি। চিকিৎসকদের নিবিড় তত্ত্বাবধানে থাকলেও এখন তিনি আশঙ্কামুক্ত।

এর আগে গত ১১ মার্চ হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। কয়েকদিন পর উন্নত চিকিৎসার জন্য এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুরে নেওয়া হয়।

সেখানে প্রায় এক মাস চিকিৎসা শেষে অবস্থার উন্নতি হলে তাকে মালয়েশিয়ার প্রিন্সকোর্ট মেডিকেল সেন্টারে স্থানান্তর করা হয়। বর্তমানে সেখানেই নিয়মিত চিকিৎসা ও থেরাপির মধ্যে রয়েছেন এই প্রবীণ রাজনীতিবিদ।